


মায়ার খেলা

বসিদ্ধান্থলু



স্মরণিতান ৪৮

## মায়ার খেলা

রবীন্দ্রনাথ ঠাকুর



বিশ্বভারতী গ্রন্থনবিভাগ  
কলিকাতা

স্বরলিপিকার  
ইন্দিরাদেবী চৌধুরানী  
জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

প্রকাশ আষাঢ় ১৩৩২  
সংস্করণ ভাদ্র ১৩৬৩  
পুনর্মুদ্রণ শ্রাবণ ১৩৬৮  
সংস্করণ জ্যৈষ্ঠ ১৩৭৬  
পুনর্মুদ্রণ পৌষ ১৩৭৯  
ভাদ্র ১৩৮৩, আশ্বিন ১৩৯০  
বৈশাখ ১৩৯৪ : ১৯০৯ শক

© বিশ্বভারতী

প্রকাশক শ্রীজগদ্বিন্দু ভৌমিক  
বিশ্বভারতী । ৬ আচার্য জগদীশ বসু রোড । কলিকাতা ১৭

মুদ্রক শ্রীপ্রাণকুমার মুখার্জি  
এস. আন্টল অ্যান্ড কোম্পানি প্রাইভেট লিমিটেড  
৯১ আচার্য প্রফুল্লচন্দ্র রায় রোড । কলিকাতা ৯

		পান	বয়সিপি
অলি বার বার ফিরে বার	...	২৫	১১০
আজি আঁখি জুড়াল হেরিয়ে	...	২৮	১২৫
আবার পন্নান বাহা চার	...	৩	৪১
আমি কারেও বুঝি নে	...	২৬	১১৪
আমি জেনে শুনে বিষ করেছি পান	...	১৫	৬৩
আমি তো বুঝেছি সব	...	৩০	১৩৫
আমি হৃদয়ের কথা বলিতে ব্যাকুল	...	২০	৮৬
আর কেন, আর কেন	..	৩০	১৩৮
আহা, আজি এ বসন্তে	...	২৩	১২৩
একি স্বপ্ন, একি মারা	...	২৮	১২৭
এ তো খেলা নয়, খেলা নয়	...	২১	৩১
এ ভাড়া স্বপ্নের মাঝে	...	৩১	১৪০
এতদিন বুঝি নাই	...	৩০	১৩৬
এরা স্বপ্নের লাগি চাহে প্রেম	...	৩২	১৪৬
এসেছি গো এসেছি	...	১৩	৫৪
এস' এস' বসন্ত ধরাতলে	...	২৭	১১৮
ওই কে আমার ফিরে ডাকে	...	২৫	১১২
ওই কে গো হেসে চার	...	১৭	৭৫
ওই মধুর মুখ আগে মনে	...	২২	৩৬
ওকে বলো, সখী, বলো	...	১৩	৫৬
ওকে বোঝা গেল না	...	১৮	৮১
ওগো দেখি আঁখি তুলে চাও	...	১৮	৭৩
ওগো সখী, দেখি দেখি	...	২১	৮৮
ওগো রেখে দে সখী	...	১১	৪৮
কাছে আছে দেখিতে না পাও	...	৮	৪০
কাছে ছিলে দূরে গেলে	...	২৪	১০৭
কে ডাকে ! আমি কতু ফিরে নাহি চাই	...	১২	৫৩
কেন এলি রে	...	৩১	১৪৪
চাঁদ, হাসো হাসো	...	৩০	১৩৭
জীবনে আজ কি প্রথম এল বসন্ত	...	৮	৩৮
তবে স্থখে থাকো, স্থখে থাকো	...	২৩	১০৪
তারে কেমনে ধরিলে	...	২২	৩৮

		গান	স্বরলিপি
তারে দেখাতে পারি নে	...	১৪	৫৮
তুমি কে গো সখীরে কেন	...	২৩	১০২
দ্বিষস রজনী, আমি যেন কার	...	১৯	৮২
হুথের মিলন টুটিবার নয়	...	৩১	১৪৩
দূরে দাঁড়িয়ে আছে	...	১৭	৭৬
দেখো চেয়ে, দেখো ওই	...	১৬	৬৬
দেখো সখা ভুল ক'রে	...	২৪	১০৮
দে লো, সখী, দে পরাইয়ে গলে	...	১০	৪৫
না বুঝে কারে তুমি ভাসালে	...	২৬	১১৩
নিমেষের তরে শরমে বাধিল	...	২০	৮৭
পথহারা তুমি পথিক যেন গো	...	৮	৩৬
প্রভাত হইল নিশি	...	২৬	১১৬
প্রেম-পাশে ধরা পড়েছে দু জনে	...	১৭	৭৮
প্রেমের ফাঁদ পাতা ভুবনে	...	১২	৫০
বিদায় করেছ যারে নয়নজলে	...	২৫	১৩১
ভালোবেসে দুখ সেও সুখ	...	১৭	৭৩
ভালোবেসে যদি সুখ নাহি	...	১৫	৬৪
ভুল করেছিছ, ভুল ভেঙেছে	...	২৪	১০৯
মধুর বসন্ত এসেছে	...	২৮	১২৩
মিছে ঘুরি এ জগতে	...	১৪	৫৭
মোরা জলে স্থলে কত ছলে	...	৭	৩৩
যদি কেহ নাহি চায়	...	৩১	১৪২
যেয়ো না যেয়ো না ফিরে	...	১২	৫১
সকল হৃদয় দিয়ে	...	২২	৯৯
সখা, আপন মন নিয়ে	...	১৪	৬১
সখী, বহে গেল বেলা	...	১১	৪৬
সখী, সাধ ক'রে যাহা দেবে	...	২০	৮৪
সখী, সে গেল কোথায়	...	১০	৪৩
স্থখে আছি স্থখে আছি	...	১৬	৬৭
সে জন কে সখী	...	২১	৯৩
সেই শান্তিভবন ভুবন	...	২৪	১০৫

# মায়ার খেলা





# মায়ার খেলা

প্রথম দৃশ্য

কানন

মায়াকুমারীগণ

সকলে । মোরা জলে স্থলে কত ছলে মায়াজাল গাঁথি ।

প্রথমা । মোরা স্বপন রচনা করি অলস নয়ন ভরি ।

দ্বিতীয়া । গোপনে হৃদয়ে পশি কুহক-আসন পাতি ।

তৃতীয়া । মোরা মদিরতরঙ্গ তুলি বসন্তসমীরে ।

প্রথমা । ছরাশা জাগায় প্রাণে প্রাণে

আধো-তানে ভাঙা-গানে

ভ্রমরগুঞ্জরাকুল বকুলের পাঁতি ।

সকলে । মোরা মায়াজাল গাঁথি ॥

দ্বিতীয়া । নরনারী-হিয়া মোরা বাঁধি মায়াপাশে ।

তৃতীয়া । কত ভুল করে তারা, কত কঁাদে হাসে ।

প্রথমা । মোরা মায়াকরে ছায়া ফেলি মিলনের মাঝে

আনি মান-অভিমান ।

দ্বিতীয়া । বিরহী স্বপনে পায় মিলনের সাথি ।

সকলে । মোরা মায়াজাল গাঁথি ॥

প্রথমা । চলো সখী, চলো ।

কুহকস্বপনখেলা খেলাবে চলো ।

দ্বিতীয়া ও তৃতীয়া । নবীন হৃদয়ে রচি নব প্রেমছল

প্রমোদে কাটাব নব বসন্তের রাতি ।

সকলে । মোরা মায়াজাল গাঁথি ॥

## দ্বিতীয় দৃশ্য

গৃহ

গমনোন্মুখ অমর । শাস্তার প্রবেশ

শাস্তা । পথহারা তুমি পথিক যেন গো স্মৃতির কাননে,  
ওগো, যাও কোথা যাও ।

স্মৃতি ঢলঢল বিবশ বিভল পাগল নয়নে  
তুমি চাও কারে চাও ।

কোথা গেছে তব উদাস হৃদয়, কোথা পড়ে আছে ধরণী  
মায়ার তরণী বাহিয়া যেন গো মায়াপুরী-পানে ধাও ।

কোন্ মায়াপুরী-পানে ধাও ॥

অমর । জীবনে আজ কি প্রথম এল বসন্ত !

নবীনবাসনাভরে হৃদয় কেমন করে,  
নবীন জীবনে হল জীবন্ত ॥

স্মৃতিভরা এ ধরায় মন বাহিরিতে চায়,  
কাহারে বসাতে চায় হৃদয়ে ।  
তাহারে খুঁজিব দিক-দিগন্ত ॥

মায়াকুমারীগণের প্রবেশ

সকলে । কাছে আছে দেখিতে না পাও,  
তুমি কাহার সন্ধানে দূরে যাও ॥

শাস্তার প্রতি

অমর । যেমন দখিনে বায়ু ছুটেছে,  
কে জানে কোথায় ফুল ফুটেছে,  
তেমনি আমিও, সখী, যাব—  
না জানি কোথায় দেখা পাব !  
কার সুধাস্বরমাঝে জগতের গীত বাজে,  
প্রভাত জাগিছে কার নয়নে ।

কাহার প্রাণের প্রেম অনন্ত ।  
তাহারে খুঁজিব দিক-দিগন্ত ॥

প্রস্থান

মায়াকুমারীগণ । মনের মতো করে খুঁজে মর—  
সে কি আছে ভুবনে,  
সে যে রয়েছে মনে ।  
ওগো, মনের মতো সেই তো হবে  
তুমি শুভক্ষণে যাহার পানে চাও ॥

নেপথ্যে চাহিয়া

শাস্তা । আমার পরান যাহা চায়,  
তুমি তাই তুমি তাই গো ।  
তোমা ছাড়া আর এ জগতে  
মোর কেহ নাই, কিছু নাই গো ॥  
তুমি সুখ যদি নাহি পাও,  
যাও, সুখের সন্ধানে যাও,  
আমি তোমারে পেয়েছি হৃদয়মাঝে—  
আর কিছু নাহি চাই গো ॥  
আমি তোমার বিরহে রহিব বিলীন,  
তোমাতে করিব বাস—  
দীর্ঘ দিবস, দীর্ঘ রজনী,  
দীর্ঘ বরষ মাস ।  
যদি আর-কারে ভালোবাস,  
যদি আর ফিরে নাহি আস,  
তবে তুমি যাহা চাও তাই যেন পাও—  
আমি যত দুখ পাই গো ॥

নেপথ্যে চাহিয়া

মায়াকুমারীগণ । কাছে আছে দেখিতে না পাও,  
তুমি কাহার সন্ধানে দূরে যাও ॥

প্রথম। মনের মতো করে খুঁজে মর—  
দ্বিতীয়া। সে কি আছে ভুবনে, সে যে রয়েছে মনে।  
তৃতীয়া। ওগো, মনের মতো সেই তো হবে  
তুমি শুভক্ষণে যাহার পানে চাও ॥  
প্রথম। তোমার আপনার যে জন দেখিলে না তারে।  
দ্বিতীয়া। তুমি যাবে কার দ্বারে।  
তৃতীয়া। যারে চাবে তারে পাবে না,  
যে মন তোমার আছে যাবে তা'ও ॥

### তৃতীয় দৃশ্য

#### কানন

##### প্রমদার সখীগণ

প্রথম। সখী, সে গেল কোথায়,  
তারে ডেকে নিয়ে আয়।  
সকলে। দাঁড়াব ঘিরে তারে তরুতলায় ॥  
প্রথম। আজি এ মধুর সাঁঝে কাননে ফুলের মাঝে  
হেসে হেসে বেড়াবে সে, দেখিব তায় ॥  
দ্বিতীয়া। আকাশে তারা ফুটেছে, দখিনে বাতাস ছুটেছে,  
পাখিটি ঘুমঘোরে গেয়ে উঠেছে।  
প্রথম। আয় লো আনন্দময়ী, মধুর বসন্ত লয়ে—  
সকলে। লাবণ্য ফুটাবি লো তরুতলায় ॥

##### প্রমদার প্রবেশ

প্রমদা। দে লো, সখী, দে পরাইয়ে গলে  
সাধের বকুলফুলহার।  
আধফুট জুঁইগুলি যতনে আনিয়ে তুলি  
গাঁথি গাঁথি সাজায়ে দে মোরে  
কবরী ভরিয়ে ফুলভার।

তুলে দে লো চঞ্চল কুন্তল,  
কপোলে পড়িছে বারেবার ॥

প্রথমা । আজি এত শোভা কেন, আনন্দে বিবশা যেন-  
দ্বিতীয়া । বিশ্বাধরে হাসি নাহি ধরে,  
লাবণ্য ঝরিয়া পড়ে ধরাতলে ।

প্রথমা । সখী, তোরা দেখে যা, দেখে যা—  
তরুণ তনু এত রূপরাশি  
বহিতে পারে না বুঝি আর ॥

তৃতীয়া । সখী, বহে গেল বেলা, শুধু হাসিখেলা  
এ কি আর ভালো লাগে !  
আকুল তিয়াব প্রেমের পিয়াস  
প্রাণে কেন নাহি জাগে ॥  
কবে আর হবে থাকিতে জীবন  
আঁখিতে আঁখিতে মদির মিলন—  
মধুর ছতাশে মধুর দহন  
নিত-নব অনুরাগে ॥

সখী, তরল কোমল নয়নের জল  
নয়নে উঠিবে ভাসি ।  
সখী, সে বিষাদনীরে নিবে যাবে ধীরে  
প্রথর চপল হাসি ।  
উদাস নিশ্বাস আকুলি উঠিবে,  
আশা-নিরাশায় পুরান টুটিবে,  
মরমের আলো কপোলে ফুটিবে  
শরম-অরুণ রাগে ॥

প্রমদা । ওলো, রেখে দে, সখী, রেখে দে—  
মিছে কথা ভালোবাসা ।  
সুখের বেদনা, সোহাগযাতনা—  
বুঝিতে পারি না ভাষা ॥  
ফুলের বাঁধন, সাধের কাঁদন,  
পরান সঁপিতে প্রাণের সাধন,

‘লহো লহো’ বলে পরে আরাধন—

পরের চরণে আশা ॥

তিলেক দরশ পরশ মাগিয়া

বরষ বরষ কাতরে জাগিয়া

পরের মুখের হাসির লাগিয়া

অশ্রুমাগরে ভাসা—

জীবনের সুখ খুঁজিবারে গিয়া

জীবনের সুখ নাশা ॥

মায়াকুমারীগণ । প্রেমের ফাঁদ পাতা ভুবনে—

কে কোথা ধরা পড়ে কে জানে ।

গরব সব হায় কখন টুটে যায়,

সলিল বহে যায় নয়নে ।

কুমারের প্রবেশ

প্রমদার প্রতি

কুমার । যেয়ো না, যেয়ো না ফিরে—

দাঁড়াও বারেক দাঁড়াও হৃদয়-আসনে ॥

চঞ্চল সমীর-সম ফিরিছ কেন

কুসুমের কুসুমের কাননে কাননে ।

তোমায় ধরিতে চাহি, ধরিতে পারি নে—

তুমি গঠিত যেন স্বপনে ।

এসো হে, তোমারে বারেক দেখি ভরিয়ে আঁখি,

ধরিয়ে রাখি যতনে ॥

প্রাণের মাঝে তোমারে ঢাকিব,

ফুলের পাশে বাঁধিয়ে রাখিব,

তুমি দিবসনিশি রহিবে মিশি

কোমল প্রেমশয়নে ॥

প্রমদা । কে ডাকে ! আমি কভু ফিরে নাহি চাই ।

কত ফুল ফুটে উঠে, কত ফুল যায় টুটে,

আমি শুধু বহে চলে যাই ॥

পরশ পুলক-রস-ভরা রেখে যাই, নাহি দিই ধরা ।

উড়ে আসে ফুলবাস, লতাপাতা ফেলে শ্বাস,  
বনে বনে উঠে হা-ছতাশ—  
চকিতে শুনিতে শুধু পাই— চলে যাই।  
আমি কভু ফিরে নাহি চাই ॥

অশোকের প্রবেশ.

অশোক । এসেছি গো এসেছি, মন দিতে এসেছি—  
যারে ভালো বেসেছি ॥

ফুলদলে ঢাকি মন যাব রাখি চরণে  
পাছে কঠিন ধরণী পায়ে বাজে—  
রেখো রেখো চরণ হৃদি-মাঝে —  
নাহয় দলে যাবে, প্রাণ ব্যথা পাবে—  
আমি তো ভেসেছি, অকূলে ভেসেছি ॥

প্রমদা । ওকে বলো সখী, বলো কেন মিছে করে ছল—  
মিছে হাসি কেন সখী, মিছে আঁখিজল ॥  
জানি নে প্রেমের ধারা, ভয়ে তাই হই সারা—  
কে জানে কোথায় সুধা কোথা হলাহল ॥

সখীগণ । কাঁদিতে জানে না এরা, কাঁদাইতে জানে কল—  
মুখের বচন শুনে মিছে কী হইবে ফল ।  
প্রেম নিয়ে শুধু খেলা, প্রাণ নিয়ে হেলাফেলা—  
ফিরে যাই এই বেলা চলো সখী, চলো ॥

প্রস্থান

মায়াকুমারীগণ । প্রেমের ফাঁদ পাতা ভুবনে—  
কে কোথা ধরা পড়ে কে জানে ।  
গরব সব হায় কখন টুটে যায়,  
সলিল বহে যায় নয়নে ।  
এ সুখ ধরণীতে কেবলি চাহ নিতে,  
জান না হবে দিতে আপনা—  
সুখের ছায়া ফেলি কখন যাবে চলি,  
বরিবে সাধ করি বেদনা ।

কখন বাজে বাঁশি, গরব যায় ভাসি—  
পরান পড়ে আসি বাঁধনে ॥

### চতুর্থ দৃশ্য

কানন

অমর কুমার ও অশোক

অমর । মিছে ঘুরি এ জগতে কিসের পাকে,  
মনের বাসনা যত মনেই থাকে ॥  
বুঝিয়াছি এ নিখিলে চাহিলে কিছু না মিলে,  
চাহিলে আপন মন গোপনে রাখে ।  
এত লোক আছে, কেহ কাছে না ডাকে ॥

অশোক । তারে দেখাতে পারি নে কেন প্রাণ খুলে গো ।  
কেন বুঝাতে পারি নে হৃদয়বেদনা ॥  
কেমনে সে হেসে চলে যায়,  
কোন্ প্রাণে ফিরেও না চায়,  
এত সাধ এত প্রেম করে অপমান ॥  
এত ব্যথাভরা ভালোবাসা কেহ দেখে না—  
প্রাণে গোপনে রহিল ।  
এ প্রেম কুমুম যদি হত  
প্রাণ হতে ছিঁড়ে লইতাম,  
তার চরণে করিতাম দান ।  
বুঝি সে তুলে নিত না, শুকাত অনাদরে—  
তবু তার সংশয় হত অবসান ॥

কুমার । সখা, আপন মন নিয়ে কাঁদিয়ে মরি,  
পরের মন নিয়ে কী হবে ।  
আপন মন যদি বুঝিতে নারি  
পরের মন বুঝে কে কবে ॥



অমর । অবোধ মন লয়ে ফিরি তবে,  
বাসনা কাঁদে প্রাণে হা হা রবে,  
এ মন দিতে চাও দিয়ে ফেলো—  
কেন গো নিতে চাও মন তবে ॥  
স্বপনসম সব জানিয়ো মনে,  
তোমার কেহ নাই এ ত্রিভুবনে—  
যে জন ফিরিতেছে আপন আশে  
তুমি ফিরিছ কেন তাহার পাশে ।  
নয়ন মেলি শুধু দেখে যাও,  
হৃদয় দিয়ে শুধু শাস্তি পাও ।

কুমার । তোমারে মুখ তুলে চাহে না যে  
থাক্ সে আপনার গরবে ॥

অশোক । আমি জেনে শুনে বিষ করেছি পান ।  
প্রাণের আশা ছেড়ে সঁপেছি প্রাণ ॥  
যতই দেখি তারে ততই দহি,  
আপন মনোজ্বালা নীরবে সহি,  
তবু পারি নে দূরে যেতে, মরিতে আসি—  
লই গো বুক পেতে অনলবাণ ॥  
যতই হাসি দিয়ে দহন করে  
ততই বাড়ে তৃষা প্রেমের তরে;  
প্রেম-অমৃতধারা ততই যাচি  
যতই করে প্রাণে অশনি দান ॥

অমর । ভালোবেসে যদি স্মৃথ নাহি  
তবে কেন—  
তবে কেন মিছে ভালোবাসা ।

অশোক । মন দিয়ে মন পেতে চাহি ।

অমর ও কুমার । ওগো, কেন—  
ওগো, কেন মিছে এ ছরাশা ॥

অশোক । হৃদয়ে জ্বালায়ে বাসনার শিখা,  
নয়নে সাজায়ে মায়ামরীচিকা,  
শুধু ঘুরে মরি মরুভূমে ।

অমর ও কুমার ।

ওগো, কেন—

ওগো, কেন মিছে এ পিপাসা ॥

অমর ।

আপনি যে আছে আপনার কাছে  
নিখিল জগতে কী অভাব আছে ।  
আছে মন্দ সমীরণ, পুষ্পবিভূষণ,  
কোকিলকুজিত কুঞ্জ ।

অশোক ।

বিশ্বচরাচর লুপ্ত হয়ে যায়,  
একি ঘোর প্রেম অন্ধ রাহুপ্রায়  
জীবন যৌবন গ্রাসে ।

অমর ও কুমার ।

তবে কেন—

তবে কেন মিছে এ কুয়াশা ॥

মায়াকুমারীগণ ।

দেখো চেয়ে দেখো ওই কে আসিছে !  
চাঁদের আলোতে কার হাসি হাসিছে ।  
হৃদয়ছয়ার খুলিয়ে দাও,  
প্রাণের মাঝারে তুলিয়ে লও,  
ফুলগন্ধ-সাথে তার সুবাস ভাসিছে ॥

প্রমদা ও সখীগণের প্রবেশ

প্রমদা ।

সুখে আছি সুখে আছি, সখা, আপন-মনে ।

প্রমদা ও সখীগণ ।

কিছু চেয়ো না, দূরে যেয়ো না,  
শুধু চেয়ে দেখো, শুধু ঘিরে থাকো কাছাকাছি ।

প্রমদা ।

সখা, নয়নে শুধু জানাবে প্রেম, নীরবে দিবে প্রাণ,  
রচিয়া ললিত মধুর বাণী আড়ালে গাবে গান ।  
গোপনে তুলিয়া কুসুম গাঁথিয়া রেখে যাবে মালাগাছি ।

প্রমদা ও সখীগণ ।

মন চেয়ো না, শুধু চেয়ে থাকো,  
শুধু ঘিরে থাকো কাছাকাছি ।

প্রমদা ।

মধুর জীবন, মধুর রজনী, মধুর মলয়বায় । এই  
মাধুরীধারা বহিছে আপনি, কেহ কিছু নাহি চায় ।  
আমি আপনার মাঝে আপনি হারা,  
আপন সৌরভে সারা,  
যেন আপনার মন আপনার প্রাণ আপনারে সঁপিয়াছি

অশোক । ভালোবেসে দুখ সেও সুখ, সুখ নাহি আপনাতে ।  
 প্রমদা ও সখীগণ । না না না, সখা, মোরা ভুলি নে ছলনাতে ।  
 কুমার । মন দাও দাও, দাও সখী, দাও পরের হাতে ।  
 প্রমদা ও সখীগণ । না না না, সখা, মোরা ভুলি নে ছলনাতে ।  
 অশোক । সুখের শিশির নিমেষে শুকান, সুখ চেয়ে দুখ ভালো—  
 আনো সজল বিমল প্রেম ছলছল নলিননয়নপাতে ।  
 প্রমদা ও সখীগণ । না না না, সখা, মোরা ভুলি নে ছলনাতে ।  
 কুমার । রবির কিরণে ফুটিয়া নলিনী আপনি টুটিয়া যায়,  
 সুখ পায় তায় সে ।  
 চির কলিকাজনম কে করে বহন চির শিশিররাতে ।  
 প্রমদা ও সখীগণ । না না না, সখা, মোরা ভুলি নে ছলনাতে ॥  
 অমর । ওই কে গো হেসে চায়, চায় প্রাণের পানে ।  
 গোপন হৃদয়তলে কী জানি কিসের ছলে আলোক হানে ॥  
 এ প্রাণ নূতন ক'রে কে যেন দেখালে মোরে,  
 বাজিল মরমবীণা নূতন তানে ॥  
 এ পুলক কোথা ছিল, প্রাণ ভরি বিকশিল—  
 তৃষাভরা তৃষাহরা এ অমৃত কোথা ছিল ।  
 কোন্ চাঁদ হেসে চাহে, কোন্ পাখি গান গাহে,  
 কোন্ সমীরণ বহে লতাবিতানে ॥  
 প্রমদা । দূরে দাঁড়ায়ে আছে, কেন আসে না কাছে ।  
 ওলো যা, তোরা যা সখী, যা শুধা গে  
 ওই আকুল অধর আঁখি কী ধন যাচে ॥  
 সখীগণ । ছী, ওলো ছী, হল কী, ওলো সখী ।  
 প্রথম । লাজবঁধ কে ভাঙিল, এত দিনে শরম টুটিল !  
 তৃতীয়া । কেমনে যাব, কী শুধাব ।  
 প্রথম । লাজে মরি, কী মনে করে পাছে ।  
 প্রমদা । ওলো যা, তোরা যা সখী, যা শুধা গে  
 ওই আকুল অধর আঁখি কী ধন যাচে ॥  
 মায়াকুমারীগণ । প্রেমপাশে ধরা পড়েছে ছুঁজনে দেখো দেখো, সখী, চাহিয়া ।  
 ছুটি ফুল খসে ভেসে গেল ওই প্রণয়ের স্রোত বাহিয়া ॥

অমরের প্রতি

সখীগণ । ওগো, দেখি, আঁখি তুলে চাও —  
তোমার চোখে কেন ঘুমঘোর ।

অমর । আমি কী যেন করেছি পান —  
কোন্ মদিরারসভোর ।  
আমার চোখে তাই ঘুমঘোর ।

সখীগণ । ছি ছি ছা ।

অমর । সখী, ক্ষতি কী ।  
এ ভবে কেহ জ্ঞানী অতি, কেহ ভোলামন —  
কেহ সচেতন, কেহ অচেতন —  
কাহারো নয়নে হাসির কিরণ,  
কাহারো নয়নে লোর —  
আমার চোখে শুধু ঘুমঘোর ।

সখীগণ । সখা, কেন গো অচলপ্রায়  
হেথা দাঁড়ায়ে তরুছায় ।

অমর । সখী, অবশ হৃদয়ভারে চরণ চলিতে নাহি চায়,  
তাই দাঁড়ায়ে তরুছায় ।

সখীগণ । ছি ছি ছী ।

অমর । সখী, ক্ষতি কী ।  
এ ভবে কেহ পড়ে থাকে, কেহ চলে যায়,  
কেহ বা আলসে চলিতে না চায়,  
কেহ বা আপনি স্বাধীন, কাহারো  
চরণে পড়েছে ডোর ।  
কাহারো নয়নে লেগেছে ঘোর ॥

সখীগণ । ওকে বোঝা গেল না — চলে আয়, চলে আয় ।  
ও কী কথা যে বলে সখী, কী চোখে যে চায় ।  
চলে আয়, চলে আয় ॥

লাজ টুটে শেষে মরি লাজে মিছে কাজে ।  
ধরা দিবে না যে বলো কে পারে তায় ।

আপনি সে জানে তার মন কোথায় !  
চলে আয়, চলে আয় ॥

প্রস্থান

মায়াকুমারীগণ । প্রেমপাশে ধরা পড়েছে ছুজনে  
দেখো দেখো, সখী, চাহিয়া  
ছুটি ফুল খসে ভেসে গেল ওই  
প্রণয়ের স্রোত বাহিয়া ।  
টাদিনী যামিনী, মধু সমীরণ,  
আধো ঘুমঘোব, আধো জাগরণ,  
চোখোচোখি হতে ঘটালে প্রমাদ  
কুল্লস্বরে পিক গাহিয়া—  
দেখো দেখো, সখী, চাহিয়া ।

পঞ্চম দৃশ্য

কানন

অমর । দিবসরজনী আমি যেন কার  
আশায় আশায় থাকি ।  
তাই চমকত মন, চাকত শ্রবণ,  
তৃষিত আকুল আঁখি ॥  
চঞ্চল হয়ে ঘুরিয়ে বেড়াই,  
সদা মনে হয় যদি দেখা পাই,  
'কে আসিছে' ব'লে চমকিয়ে চাই  
কাননে ডাকিলে পাখি ॥  
জাগরণে তারে না দেখিতে পাই,  
থাকি স্বপনের আশে —  
ঘুমের আড়ালে যদি ধরা দেয়  
বাঁধিব স্বপনপাশে ।

এত ভালোবাসি এত যারে চাই  
মনে হয় না তো সে যে কাছে নাই,  
যেন এ বাসনা ব্যাকুল আবেগে  
তাহারে আনিবে ডাকি ॥

প্রমদা সখীগণ অশোক ও কুমারের প্রবেশ

কুমার । সখী, সাধ করে যাহা দিবে তাই লইব ।  
সখীগণ । আহা, মরি মরি, সাধের ভিখারি,  
তুমি মনে মনে চাহ প্রাণমন ॥  
কুমার । দাও যদি ফুল, শিরে তুলে রাখিব ।  
সখী । দেয় যদি কাঁটা ?  
কুমার । তাও সহিব ।  
সখীগণ । আহা, মরি মরি, সাধের ভিখারি,  
তুমি মনে মনে চাহ প্রাণমন ॥  
কুমার । যদি একবার চাও, সখী, মধুর নয়ানে  
ওই আশি-সুধা-পানে চিরজীবন মাতি রহিব ।  
সখীগণ । যদি কঠিন কটাক্ষ মিলে ?  
কুমার । তাও হৃদয়ে বিঁধায়ে চিরজীবন বহিব ।  
সখীগণ । আহা, মরি মরি, সাধের ভিখারি,  
তুমি মনে মনে চাহ প্রাণমন ॥  
প্রমদা । আমি হৃদয়ের কথা বলিতে ব্যাকুল,  
শুধাইল না কেহ ।  
সে তো এল না, যারে সঁপিলাম  
এই প্রাণ মন দেহ ॥  
সে কি মোর তরে পথ চাহে—  
সে কি বিরহগীত গাহে  
যার বাঁশরিধ্বনি শুনিয়ে  
আমি ত্যজিলাম গেহ ॥  
মায়াবুমারীগণ । নিমেষের তরে শরমে বাধিল,  
মরমের কথা হল না ।

জনমের তরে তাহারি লাগিয়ে  
রহিল গরমবেদনা ॥

প্রমদার প্রতি

অশোক । ওগো সখী, দেখি দেখি মন কোথা আছে ।

সখীগণ । কত কাতর হৃদয় ঘুরে ঘুরে হেরো কারে যাচে ॥

অশোক । কী মধু, কী সুধা, কী মৌরভ,  
কী রূপ রেখেছ লুকায়ে ।

সখীগণ । কোন্ প্রভাতে কোন্ রবির আলোকে  
দিবে খুলিয়ে কাহার কাছে ॥

অশোক । সে যদি না আসে এ জাবনে, এ কাননে পথ না পায় ।

সখীগণ । যারা এসেছে তারা বসন্ত ফুরালে  
নিরাশ প্রাণে ফেরে পাছে ॥

প্রমদা । এ তো খেলা নয়, খেলা নয় ।

এ যে হৃদয়দহনজ্বালা সখী ॥

এ যে প্রাণভরা ব্যাকুলতা, গোপন মর্মের ব্যথা,

এ যে কাহার চরণোদ্দেশে জীবন মরণ ঢালা সখী ॥

কে যেন সতত মোরে ডাকিয়ে আকুল করে,

যাই-যাই করে প্রাণ— যেতে পারি নে ।

যে কথা বলিতে চাহি তা বুঝি বলিতে নাহি—

কোথায় নামায়ে রাখি, সখী, এ প্রেমের ডালা ।

যতনে গাঁথিয়ে শেষে পরাতে পারি নে মালা সখী ॥

প্রথম সখী । সে জন কে, সখী, বোঝা গেছে

আমাদের সখী যারে মনপ্রাণ সঁপেছে ।

দ্বিতীয়া ও তৃতীয়া । ও সে কে, কে, কে ।

প্রথম । ওই-যে তরুতলে বিনোদমালা গলে

না জানি কোন্ ছলে বসে রয়েছে ।

দ্বিতীয়া । সখী, কী হবে—

ও কি কাছে আসিবে কভু ! কথা কবে ।

তৃতীয়া । ও কি প্রেম জানে ! ও কি বাঁধন মানে ।

ও কী মায়াগুণে মন লয়েছে ।

দ্বিতীয়া । বিভল আঁখি তুলে আঁখিপানে চায়,  
 যেন কোন্ পথ ভুলে এল কোথায় ওগো !  
 তৃতীয়া । যেন কোন্ গানের স্বরে শ্রবণ আছে ভরে,  
 যেন কোন্ চাঁদেন আলোয় মগ্ন হয়েছে ॥  
 অমর । ওই মধুর মুখ জাগে মনে ।  
 ভুলিব না এ জীবনে কী স্বপনে কী জাগরণে ॥  
 তুমি জান বা না জান,  
 মনে সদা যেন মধুর বাঁশরি বাজে  
 হৃদয়ে সদা আছ ব'লে ।  
 আমি প্রকাশিতে পারি নে,  
 শুধু চাহি কাতর নয়নে ॥  
 সখীগণ । তারে কেমনে ধরিবে, সখী, যদি ধরা দিলে ।  
 প্রথমা । তারে কেমনে কাঁদাবে যদি আপনি কাঁদিলে ॥  
 দ্বিতীয়া । যদি মন পেতে চাও মন রাখো গোপনে ।  
 তৃতীয়া । কে তারে বাঁধিবে তুমি আপনায় বাঁধিলে ॥  
 সকলে । কাছে আসিলে তো কেহ কাছে রহে না ।  
 কথা কহিলে তো কেহ কথা কহে না ।  
 প্রথমা । হাতে পেলে ভূমিতলে ফেলে চলে যায় ।  
 দ্বিতীয়া । হাসিয়ে ফিরায় মুখ কাঁদিয়ে সাধিলে ॥

নিকটে আসিয়া প্রমদার প্রতি

অমর । সকল হৃদয় দিয়ে ভালোবেসেছি যারে  
 সে কি ফিরাতে পারে সখী !  
 সংসারবাহিরে থাকি জানি নে কী ঘটে সংসারে ।  
 কে জানে হেথায় প্রাণপণে প্রাণ যারে চায়  
 তারে পায় কি না পায়, জানি নে —  
 ভয়ে ভয়ে তাই এসেছি গো অজানা-হৃদয়-দ্বারে  
 তোমার সকলি ভালোবাসি - ওই রূপরাশি,  
 ওই খেলা ওই গান, ওই মধুহাসি ।  
 ওই দিয়ে আছ ছেয়ে জীবন আমারি—  
 কোথায় তোমার সীমা ভুবননাঝারে ॥



সখীগণ । তুমি কে গো, সখীকে কেন জানাও বাসনা ।  
 দ্বিতীয়া । কে জানিতে চায় তুমি ভালোবাস কি ভালোবাস না ॥  
 প্রথমা । হাসে চন্দ্র, হাসে সন্ধ্যা, ফুল্ল ফুঞ্জকানন,  
 হাসে হৃদয়বসন্তে বিকচ যৌবন ।  
 তুমি কেন ফেল শ্বাস, তুমি কেন হাস না ॥  
 সকলে । এসেছ কি ভেঙে দিতে খেলা—  
 সখীতে সখীতে এই হৃদয়ের মেলা—  
 দ্বিতীয়া । আপন ছুঁখ আপন ছায়া লয়ে যাও ।  
 প্রথমা । জীবনের আনন্দপথ ছেড়ে দাঁড়াও ।  
 তৃতীয়া । দূর হতে করো পূজা হৃদয়কমল-আসনা ॥  
 অমর । তবে সুখে থাকো, সুখে থাকো— আমি যাই— যাই ।  
 প্রমদা । সখী, ওরে ডাকো, মিছে খেলায় কাজ নাই ॥  
 সখীগণ । অধীরা হোয়ো না, সখী,  
 আশ মেটালে ফেরে না কেহ, আশ রাখিলে ফেরে ॥  
 অমর । ছিলাম একেলা সেই আপন ভুবনে, এসেছি এ কোথায় ।  
 হেথাকার পথ জানি নে— ফিরে যাই ।  
 যদি সেই বিরামভবন ফিরে পাই ।

প্রস্থান

প্রমদা । সখী, ওরে ডাকো ফিরে ।  
 মিছে খেলা মিছে হেলা কাজ নাই ॥  
 সখীগণ । অধীরা হোয়ো না, সখী,  
 আশ মেটালে ফেরে না কেহ, আশ রাখিলে ফেরে ॥

প্রস্থান

মায়াকুমারীগণ । নিমেষের তরে শরমে বাধিল, মরমের কথা হল না ।  
 জনমের তরে তাহারি লাগিয়ে রহিল মরমবেদনা ॥  
 চোখে চোখে সদা রাখিবারে সাধ—  
 পলক পড়িল, ঘটিল বিষাদ—  
 মেলিতে নয়ন মিলালো স্বপন, এমনি প্রেমের ছলনা ॥

## ষষ্ঠ দৃশ্য

### গৃহ

শান্তা । অমরের প্রবেশ

অমর । সেই শান্তিভবন ভুবন কোথা গেল—  
সেই রবি শশী তারা, সেই শোকশাস্ত্র সঙ্কাসমীরণ,  
সেই শোভা, সেই ছায়া, সেই স্বপন ।  
সেই আপন হৃদয়ে আপন বিরাম কোথা গেল,  
গৃহহারা হৃদয়ে লবে কাহার শরণ ।

শান্তার প্রতি

এসেছি ফিরিয়ে, জেনেছি তোমারে,

এনেছি হৃদয় তব পায়ে—

শীতল স্নেহসুধা করো দান,

দাও প্রেম, দাও শান্তি, দাও নূতন জীবন ॥

মায়াকুমারীগণ । কাছে ছিলে দূরে গেলে, দূর হতে এস কাছে ।

ভুবন ভ্রমিলে তুমি, সে এখনো বসে আছে ॥

ছিল না প্রেমের আলো, চিনিতে পার নি ভালো,

এখন বিরহানলে প্রেমানল জলিয়াছে ॥

শান্তা । দেখো, সখা, ভুল করে ভালোবেসো না ।

আমি ভালোবাসি ব'লে কাছে এসো না ॥

তুমি যাহে সুখী হও তাই করো সখা,

আমি সুখী হব ব'লে যেন হেসো না ॥

আপন বিরহ লয়ে আছি আমি ভালো—

কী হবে চির আঁধারে নিমেঘের আলো !

আশা ছেড়ে ভেসে যাই, যা হবার হবে তাই—

আমার অদৃষ্টপ্রাণে তুমি ভেসো না ॥

অমর । ভুল করেছিল ভুল ভেঙেছে ।

এবার জেগেছি, জেনেছি —

এবার আর ভুল নয়, ভুল নয় ॥

ফিরেছি মায়ার পিছে পিছে ।  
জেনেছি স্বপন সব মিছে ।  
বিঁধেছে বাসনা-কাঁটা প্রাণে—

এ তো ফুল নয়, ফুল নয় ॥  
পাই যদি ভালোবাসা হেলা করিব না,  
খেলা করিব না লয়ে মন ।  
ওই প্রেমময় প্রাণে লইব আশ্রয় সখী,  
অতল সাগর এ সংসার—  
এ তো কুল নয়, কুল নয় ॥

প্রমদার সখীগণের প্রবেশ । দূর হইতে

সখীগণ । অলি বার বার ফিরে যায়,  
অলি বার বার ফিরে আসে—  
তবে তো ফুল বিকাশে ।

প্রথমা । কলি ফুটিতে চাহে ফোটে না,  
মরে লাজে মরে ত্রাসে ॥  
ভুলি মান অপমান দাও মন প্রাণ,  
নিশি দিন রহো পাশে ।

দ্বিতীয়া । ওগো আশা ছেড়ে তবু আশা রেখে দাও  
হৃদয়রতন-আশে ॥

সকলে । ফিরে এসো ফিরে এসো, বন মোদিত ফুলবাসে ।  
আজি বিরহরজনী, ফুল্ল কুসুম শিশিরসলিলে ভাসে ॥

অমর । ওই কে আমায় ফিরে ডাকে ।  
ফিরে যে এসেছে তারে কে মনে রাখে ॥

মায়াকুমারীগণ । বিদায় করেছ যারে নয়নজলে  
এখন ফিরাবে তারে কিসের ছলে গো ॥  
আজি মধু সমীরণে নিশীথে কুসুমবনে  
তারে কি পড়েছে মনে বকুলতলে ?  
এখন ফিরাবে তারে কিসের ছলে গো ॥

অমর । আমি চলে এলু বলে কার বাজে ব্যথা ।

কাহার মনের কথা মনেই থাকে ॥

আমি শুধু বুঝি, সখী, সরল ভাষা—

সরল হৃদয় আর সরল ভালোবাসা ।

তোমাদের কত আছে, কত মন প্রাণ,

আমার হৃদয় নিয়ে ফেলো না বিপাকে ॥

মায়াকুমারীগণ । সেদিনো তো মধুনিশি প্রাণে গিয়েছিল মিশি,

মুকুলিত দশ দিশি কুসুমদলে ।

ছুটি সোহাগের বাণী যদি হত কানাকানি,

যদি ওই মালাখানি পরাতে গলে !

এখন ফিরাবে তারে কিসের ছলে গো ॥

#### অমরের প্রতি

শাস্তা । না বুঝে কারে তুমি ভাসালে ঔঁখিজলে !

ওগো, কে আছে চাহিয়া শূন্য পথপানে,

কাহার জীবনে নাহি সুখ, কাহার পরান জলে

পড় নি কাহার নয়নের ভাষা,

বোঝ নি কাহার মরমের আশা, দেখ নি ফিরে

কার ব্যাকুল প্রাণের সাধ এসেছ দ'লে ॥

অমর । আমি কারেও বুঝি নে, শুধু বুঝেছি তোমারে ।

তোমাতে পেয়েছি আলো সংশয়-ঔঁধারে ।

ফিরিয়াছি এ ভুবন, পাই নি তো কারো মন,

গিয়েছি তোমারি শুধু মনের মাঝারে ।

এ সংসারে কে ফিরাবে— কে লইবে ডাকি

আজিও বুঝিতে নারি, ভয়ে ভয়ে থাকি ।

কেবলি তোমারে জানি, বুঝেছি তোমার বাণী,

তোমাতে পেয়েছি কূল অকূল পাথারে ॥

#### প্রস্থান

সখীগণ । প্রভাত হইল নিশি কানন ঘুরে,

বিরহবিধুর হিয়া মরিণ বুঝে ॥

স্নান শশী অস্তে গেল, স্নান হাসি মিলাইল—  
কাঁদিয়া উঠিল প্রাণ কাতর শূরে ।

#### প্রমদার প্রবেশ

প্রমদা । চল্ সখী, চল্ তবে ঘরেতে ফিরে—  
যাক ভেসে স্নান আঁখি নয়ননীরে ।  
যাক ফেটে শূণ্য প্রাণ, হোক আশা অবসান-  
হৃদয় যাহারে ডাকে থাক্ সে দূরে ॥

#### প্রস্থান

মায়াকুমারীগণ । মধুনিশি পূর্ণিমার ফিরে আসে বার বার,  
সে জন ফেরে না আর যে গেছে চলে ।  
ছিল তিথি অনুকূল, শুধু নিমেষের ভুল—  
চিরদিন তৃষাকুল পরান জ্বলে ।  
এখন ফিরাবে তারে কিসের ছলে গো ॥

#### সপ্তম দৃশ্য

#### কানন

অমর শান্তা অত্যাতি পুরনারী ও পৌরজন

স্ত্রীগণ । এস' এস', বসন্ত, ধরাতলে ।  
আন' কুহ কুহ কুহান, প্রেমগান,  
আন' গন্ধমদভরে অলস সমীরণ ।  
আন' নবযৌবনহিল্লোল, নব প্রাণ,  
প্রফুল্ল নবীন বাসনা ধরাতলে ।  
পুরুষগণ । এস' থরথরকম্পিত মর্মরমুখরিত  
নবপল্লবপুলকিত ফুল-আকুল-মালতিবল্লি-বিতানে  
সুখছায়ে মধুবায়ে এস' এস' ।  
এস' অরুণচরণ কমলবরণ তরুণ উষার কোলে ।

এস' জ্যোৎস্নাবিবশ নিশীথে,  
কলকল্লোল-তটিনী-তীরে—  
সুখসুপ্ত সরসীনীরে এস' এস' ॥

স্ত্রীগণ । এস' যৌবনকাতর হৃদয়ে,  
এস' মিলনসুখালস নয়নে,  
এস' মধুর শরমমাঝারে,  
দাও বাহুতে বাহু বাঁধি,  
নবীন কুসুমপাশে রচি দাও নবীন মিলনবাঁধন ॥

শাস্তার প্রতি

অমর । মধুর বসন্ত এসেছে আমাদের মধুর মিলন ঘটাতে ।  
মধুর মলয়সমীপে মধুর মিলন রটাতে ॥  
কুহকলেখনী ছুটায় কুসুম তুলিছে ফুটায়,  
লিখিছে প্রণয়কাহিনী বিবিধ বরনছটাতে ॥  
হেরো পুরানো প্রাচীন ধরণী হয়েছে শ্যামলবরনী,  
যেন যৌবনপ্রবাহ ছুটেছে কালের শাসন টুটাতে ।  
পুরানো বিরহ হানিছে, নবীন মিলন আনিছে,  
নবীন বসন্ত আইল নবীন জীবন ফুটাতে ॥

স্ত্রীগণ । আজি আঁখি জুড়াল হেরিয়ে  
মনোমোহন মিলনমাধুরী, যুগল মুরতি ॥

পুরুষগণ । ফুলগন্ধে আকুল করে, বাজে বাঁশরি উদাস স্বরে,  
নিকুঞ্জ প্লাবিত চন্দ্রকরে—

স্ত্রীগণ । তারি মাঝে মনোমোহন মিলনমাধুরী, যুগল মুরতি ।  
আনো আনো ফুলমালা, দাও দৌহে বাঁধিয়ে ।

পুরুষগণ । হৃদয়ে পশিবে ফুলপাশ, অক্ষয় হবে প্রেমবন্ধন ।

স্ত্রীগণ । চিরদিন হেরিব হে  
মনোমোহন মিলনমাধুরী যুগল মুরতি ॥

প্রমদা ও সখীগণের প্রবেশ

অমর । এ কি স্বপ্ন ! এ কি মায়া !  
এ কি প্রমদা ! এ কি প্রমদার ছায়া ॥

প্রমদার প্রতি

- শান্তা । আহা, কে গো তুমি মলিনবয়নে  
আধোনির্মীলিত নলিননয়নে  
যেন আপনারি হৃদয়শয়নে  
আপনি রয়েছ লীন ।
- পুরুষগণ । তোমা তরে সবে রয়েছে চাহিয়া,  
তোমা লাগি পিক উঠিছে গাহিয়া,  
ভিখারি সমীর কানন বাহিয়া  
ফিরিতেছে সারা দিন ॥
- অমর । এ কি স্বপ্ন ! এ কি মায়া !  
এ কি প্রমদা ! এ কি প্রমদার ছায়া ॥
- শান্তা । যেন শরতের মেঘখানি ভেসে  
চাঁদের সভাতে দাঁড়ায়েছ এসে,  
এখনি মিলাবে স্নান হাসি হেসে —  
কঁাদিয়া পড়িবে ঝরি ।
- পুরুষগণ । জাগিছে পূর্ণিমা পূর্ণ নীলাম্বরে,  
কাননে চামেলি ফুটে থরে থরে,  
হাসিটি কখন ফুটিবে অধরে  
রয়েছি তিয়াব ধরি ॥
- অমর । এ কি স্বপ্ন ! এ কি মায়া !  
এ কি প্রমদা ! এ কি প্রমদার ছায়া ॥
- সখীগণ । আহা, আজি এ বসন্তে এত ফুল ফুটে,  
এত বাঁশি বাজে, এত পাখি গায় ॥  
সখীর হৃদয় কুসুমকোমল —  
কার অনাদরে আজি ঝরে যায় !  
কেন কাছে আস', কেন মিছে হাস',  
কাছে যে আসিত সে তো আসিতে না চায় ॥  
সুখে আছে যারা সুখে থাক্ তারা,  
সুখের বসন্ত সুখে হোক সারা —  
তুখিনী নারীর নয়নের নীর

সুখীজনে যেন দেখিতে না পায় ।

তারা দেখেও দেখে না,

তারা বুঝেও বুঝে না,

তারা ফিরেও না চায় ॥

শাস্তা । আমি তো বুঝেছি সব, যে বোঝে না-বোঝে,

গোপনে হৃদয় দুটি কে কাহারে খোঁজে ॥

আপনি বিরহ গড়ি আপনি রয়েছে পড়ি,

বাসনা কাঁদিছে বসি হৃদয়সরোজে ॥

আমি কেন মাঝে থেকে ছুঁজনারে রাখি ঢেকে,

এমন ভ্রমের তলে কেন থাকি মজে ॥

#### প্রমদার প্রতি

অশোক । এতদিন বুঝি নাই, বুঝেছি ধীরে—

ভালো যারে বাস তারে আনিব ফিরে ॥

হৃদয়ে হৃদয় বাঁধা, দেখিতে না পায় আঁধা—

নয়ন রয়েছে ঢাকা নয়ননীরে ॥

শাস্তা ও স্ত্রীগণ । চাঁদ হাসো, হাসো—

হারা হৃদয় দুটি ফিরে এসেছে ॥

পুরুষগণ । কত দুখে কত দূরে আঁধার সাগর ঘুরে

সোনার তরণী দুটি তীরে এসেছে ॥

মিলন দেখিবে বলে ফিরে বায়ু কুতূহলে,

চারি ধারে ফুলগুলি ঘিরে এসেছে ।

সকলে । চাঁদ হাসো, হাসো —

হারা হৃদয় দুটি ফিরে এসেছে ॥

প্রমদা । আর কেন, আর কেন

দলিত কুসুমে বহে বসন্তসমীরণ ॥

ফুরায়ে গিয়াছে বেলা — এখন এ মিছে খেলা

নিশান্তে মলিন দীপ কেন জ্বলে অকারণ ॥

সখীগণ । অশ্রু যবে ফুরায়েছে তখন মুছাতে এলে

অশ্রুভরা হাসিভরা নবীন নয়ন ফেলে ।



প্রমদা । এই লও, এই ধরো— এ মালা তোমরা পরো—  
এ খেলা তোমরা খেলো, সুখে থাকো অনুক্ষণ ॥

অমর । এ ভাঙা সুখের মাঝে নয়নজলে  
এ মলিন মালা কে লইবে ।  
স্নান আলো স্নান আশা হৃদয় হলে,  
এ চিরবিষাদ কে বহিবে ॥  
সুখনিশি অবসান— গেছে হাসি, গেছে গান—  
এখন এ ভাঙা প্রাণ লইয়া গলে  
নীরব নিরাশা কে সহিবে ॥

শান্তা । যদি কেহ নাহি চায় আমি লইব,  
তোমার সকল দুখ আমি সহিব ॥  
আমার হৃদয় মন সব দিব বিসর্জন,  
তোমার হৃদয়ভার আমি বহিব ॥  
ভুল-ভাঙা দিবালোকে চাহিব তোমার চোখে—  
প্রশান্ত সুখের কথা আমি कहিব ॥

অমর ও শান্তার প্রস্থান

মায়াকুমারীগণ । দুখের মিলন টুটিবার নয় —  
নাহি আর ভয়, নাহি সংশয় ॥  
নয়নসলিলে যে হাসি ফুটে গো,  
রয় তাহা রয় চিরদিন রয় ॥

প্রমদা । কেন এলি রে, ভালোবাসিলি, ভালোবাসা পেলি নে  
কেন সংসারেতে উকি মেরে চলে গেলি নে ॥

সখীগণ । সংসার কঠিন বড়ো — কারেও সে ডাকে না,  
কারেও সে ধরে রাখে না ।  
যে থাকে সে থাকে আর যে যায় সে যায় —  
কারো তরে ফিরেও না চায় ॥

প্রমদা । হায় হায়, এ সংসারে যদি না পূরিল  
আজন্মেব প্রাণের বাসনা,

চলে যাও ম্লানমুখে, ধীরে ধীরে ফিরে যাও —  
থেকে যেতে কেহ বলিবে না ।  
তোমার ব্যথা তোমার অশ্রু তুমি নিয়ে যাবে-  
আর তো কেহ অশ্রু ফেলিবে না ॥

প্রস্থান

মায়াকুমারীগণ

সকলে । এরা সুখের লাগি চাহে প্রেম, প্রেম মেলে না ।  
প্রথমা । শুধু সুখ চলে যায় ।  
দ্বিতীয়া । এমনি মায়ার ছলনা ।  
তৃতীয়া । এরা ভুলে যায়, কারে ছেড়ে কারে চায় ॥  
সকলে । তাই কেঁদে কাটে নিশি, তাই দহে প্রাণ,  
তাই মান অভিমান ।  
প্রথমা । তাই এত হায়-হায় ।  
দ্বিতীয়া । প্রেমে সুখ ছুখ ভুলে তবে সুখ পায় ॥  
সকলে । সখী, চলো, গেল নিশি, স্বপন ফুরালো,  
মিছে আর কেন বলো ।  
প্রথমা । শশী ঘুমের কুহক নিয়ে গেল অস্তাচল ।  
সকলে । সখী, চলো ।  
প্রথমা । প্রেমের কাহিনী গান হয়ে গেল অবসান ।  
দ্বিতীয়া । এখন কেহ হাসে, কেহ ব'সে ফেলে অশ্রুজল ॥

—

মোরা জলে স্থলে কত ছলে মায়াজাল গাঁথি

রা সা -১ II স্না সা -১ | জরা রা -জা I জরা রজা -মজা | রা সা -পা I  
মো রা • জ লে • হ লে • ক ত • • • ছ লে •

I পা পা -১ | মা -রা মা I জা -রা সা | -১ সা ন্না I  
মা রা • জা • ল গাঁ • থি • মো রা

I দা ন্না -১ | সা সা -রা I রসা ন্না -১ | দা প্পা -১ I  
স্ব প • ন র • চ না • ক রি •

I -দা -মা প্পা | ন্না ন্না ন্না I সা ন্নসা -রা | স্না সা -১ I  
• • অ ল স ন য় ন • • ভ • রি •

I -১ -১ সা | রা সা ন্না I সা ন্নসা -জা | রা জা -১ I  
• • গো প নে হ দ য়ে • • • প শি •

I -১ -১ রা | জা মা পা I মা যজা -১ | রা সা -পা I  
• • কু হ ক আ স ন • পা তি •

I পা পা -১ | মা -রা মা I জা -রা সা | -১ সা সা I  
মা রা • জা • ল গাঁ • থি • মো রা

[রা]  
I {সা সা -১ | সা সা -১ I রা -মা মা | পা পা -১ I  
ম দি • র ত • র ড্ গ তু লি •

I পা পধা -পা | ধা পা -ধপা I মা -পা মা | -জা (রা জা) } I -রা -স্না I  
ব স • ন্ন ত স • • য়ী • রে • মো রা • • •

I সা রা -জ্ঞা | রা জ্ঞা -১ I রা -মা -জ্ঞা | রা সা -রসা I  
 ছ রা . শা জা . গা . য়্ প্রা যে . .

I না -১ -১ | না -১ -১ I { সপা পা -১ | মা পা -১ I  
 প্রা . . যে . . আ ধো . তা নে .

I মা মজ্ঞা -১ | রা সা -১ } I -১ -১ গা | গা গা গা I  
 ভা ডা . গা নে . . ভ্র ম র গুন্

I গা মা -১ | গা মা -গমপা I পমা জ্ঞা -রা | সা -রা মা I  
 জ রা . কু ল . . . ব কু . লে . র

I মজ্ঞা -রা সা | -পা পা পা I মা মা -জ্ঞা | রা -জ্ঞা মা I  
 পা . তি . মো রা মা রা . জা . ল

I জ্ঞা -রা সা | -১ -১ -১ II  
 গা . ধি . . .

II প্ না -১ | না না -১ I সা ন্সা -রা | সনা সা -১ I  
 ন র . না রী . হি য়া . মো . রা .

I -১ -১ সা | রা সা না ! সরা -জ্ঞা -১ | রা -১ -১ I  
 . . বা ধি মা রা পা . . . শে . .

I রা জ্ঞা -১ | রজ্ঞা -মজ্ঞা -রজ্ঞা I সরা সা -১ | -১ না সা I  
 ক ত . ভূ . . . ল ক রে . . তা রা

I সপা পা -১ | মা -১ পা I জ্ঞরা -মজ্ঞাঃ -রঃ | সা -১ -১ I  
 ক ত . কা . দে হা . . . সে . .

[রা]

I {সা সা -১ | সা সা -১ I রমা মা -১ | পা পা -১ I  
মা রা • ক রে • ছা• রা • ফে লি •

I পা পধা -গা | ধা পা -ধপা I মা -পা মা । -জ্ঞা (রা জ্ঞা) } I রা সন্না I  
মি ল • • নে র • মা • বে • মো রা আ নি•

I সা -রা -জ্ঞা | জ্ঞমা জ্ঞা -রা I সা -১ গা | গা গা গা I  
মা • ন্ অ ভি • মা ন্ বি র হী স্ব

I গা মা -গা | মা -গমা -পা I মা মজ্ঞা -রা | সা -রমা মা I  
প নে • পা •• য়্ মি ল • নে •• র

I জ্ঞা -রা সা | -১ -১ -১ II  
সা • থি • • •

II সন্না সা -১ | গা মা -১ I পা -১দা পা | -১ -১ -১ I  
চ লো • স ধী • চ • লো • • •

I পা দা -পা | মগা মা -১ I মপা মা -গা | গা মা -মপা I  
কু হ • ক • স্ব • প ন • থে লা •

I মা জ্ঞা -রা | সা -রমা জ্ঞরা I সা -১ -১ | -১ সা ন্না I  
থে লা • বে •• চ • লো • • • মো রা

I ন্না সা -১ | গা মা -১ I পা পা -১ | -১ পা ধা I  
ন বী • ন হু • দ য়ে • • র চি

I গা সা -রসা | গা গা -ধা I পা -ধপা পধপা | -মা -গা -১ I  
ন ব •• প্রে ম • ছ •• ল•• • • •

I সগা গা -১ | গা সগা -১ I মা মা -১ | -১ মা পা I  
 ঞ মো • দে কা • টা ব • • ন ব

I মা জ্ঞা -রা | সা -রমা মা I জ্ঞা -রা সা | -পা পা পা I  
 ব স ন তে •• র রা • তি • মো রা

I মা মা -জ্ঞা | রা -জ্ঞা মা I জ্ঞা -রা সা | -১ রা সা II II  
 মা রা • জা • ল গা • থি • "মো রা"

### পথহারা তুমি পথিক যেন গো স্মৃথের কাননে

II সর্গা সর্গা সর্গা | নধা পা পা | ক্ষা পা ক্ষা | গা গা গমগা I  
 প থ হা রা তু মি প থি ক ষে ন গো••

I গরা গা রা | গা -মা মা | সগা -১ -রা | -১ সা সা I  
 স্ব ধে র কা • ন নে • • • ও গো

I নসাঁ -ধা -১ | -১ সা রা | রপা -গা -১ | -১ গধা পা I  
 ষা ও • • কো থা ষা ও • • ও গো

I গা -রা -১ | -১ সা সপা | গা -১ -১ | -১ -১ -১ I  
 ষা ও • • কো থা ষা • ও • • •

I সা ধা সা | সা সা রা | গা গা গা | গপা পা রা I  
 স্ব ধে ঢ ল ঢ ল বি ব শ বি ভ ল

I রা গা পা | ধা -নধা না | নসাঁ -১ -১ | -১ ধা পা I  
 পা গ ল ন •• য নে • • • তু মি

I	গা	-রা	-১		-১	সা	রা		রপা	-গা	-১		-১	গধা	পা	I
	চা	ও	.		.	কা	রে		চা	ও	.		.	তু	মি	
I	গা	-রা	-১		-১	সা	পা		গা	-১	-১		-১	-১	-১	I
	চা	ও	.		.	কা	রে		চা	.	ও		.	.	.	
I	পা	পা	সী		সী	সী	সীনা		নধা	না	ধা		পা	পা	রা	I
	কো	ধা	গে		ছে	ত	ব.		উ	দা	স		হ	দ	র	
I	রা	রা	গরা		গা	মা	মা		গা	-গা	রা		সা	-১	-১	I
	কো	ধা	প.		ড়ে	আ	ছে		ধ	.	র		গী	.	.	
I	সী	সী	রী		সী	না	সী		না	নরী	সী		না	ধা	পা	I
	মা	রা	র		ত	র	গী		বা	হি	রা		ষে	ন	গো	
I	ক্কা	ক্কা	ধা		পা	ক্কা	পা		গা	-রা	-১		-১	পা	-ক্কা	I
	মা	রা	পু		রী	পা	নে		ধা	ও	.		.	কো	ন	
I	পা	পনা	ধা		পা	ক্কা	পা		গা	-রা	-১		-১	সা	সা	I
	মা	রা	পু		রী	পা	নে		ধা	ও	.		.	ও	গো	
I	নসা	-ধা	-১		-১	সা	রা		রপা	-গা	-১		-১	গধা	পা	I
	ধা	ও	.		.	কো	ধা		ধা	ও	.		.	ও	গো	
I	গা	-রা	-১		-১	সা	সপা		গা	-১	-১		-১	-১	-১	II II
	ধা	ও	.		.	কো	ধা		ধা	.	ও		.	.	.	

## জীবনে আজ কি প্রথম এল বসন্ত

মধ্যম ষড়্জ

রা পক্ষা পা -১ II { সা -১ সা নদরা | রা রা রা গা I মা পক্ষা -পা মগা | রা পক্ষা পা -১ I  
জী ব• নে • আজ্ কি প্র থ ম এ ল ব স• ন্ ত• জী ব• নে •

I ( পধা -১ ধা ধর্মা | সর্গা গা ধা পধা I পা সা -১ ন্ সা | রা পক্ষা পা -১ ) } I  
আ জ্ কি প্র • থ • ম এ ল • ব স ন্ ত • জী ব • নে •

I মগা গা গা গমা | গমা গমপা পা পমা I পমা পা মা গমা | রগা রগমা মা মা I  
ন • বী ন বা • স • না•• ভ রে • হ্র দ য় কে • ম • ন•• ক রে

I গমা পনা না না | নর্মা নধা পধা পক্ষা I ক্ষা পক্ষা -পা মগা | রা পক্ষা পা -১ II  
ন • বী • ন জী ব • নে • হ • ন • জী ব • ন্ ত • “জী ব • নে •”

II সা গমা গা গক্ষা | ক্ষা পক্ষা পা -১ I পক্ষা পা ধা ধা | ধপা ধা সর্গা -১ I  
হ্র থ ভ রা • এ ধ • রা য়্ ম ন বা হি রি • তে চা • য়্

I ধা পা ক্ষধা পা | মগা রসা রা -গা I ক্ষা পক্ষা পা -ক্ষধা | পধা মা গা রা I  
কা হা রে • ব সা • তে • চা য়্ হ্র দ • য়ে •• কা • হা রে ব

I রগা সা রা -গা | ক্ষা পক্ষা পা -১ I সা না সা না | সা রা গা মা I  
সা • তে চা য়্ হ্র দ • য়ে • তা হা রে থুঁ জি ব দি ক

I পা ধপা -ধা সর্গধা | পা ধক্ষা পা -১ II  
দি গ • ন্ ত • “জী ব • নে •”



II প.সা সা সা সা | সা সা সা সা I সা নসরা রা -১ | রা রা রা রা I  
যে ম ন দ খি নে বা য় ছু টে. ছে . কে জা নে কো

I রা -১ স্না -সা | রা সরগা গা -১ I গা গা গা গা | গা গা গা গন্ধা I  
থা য়্ ফু ল্ ফু টে. ছে . তে ম নি আ মি ও স থী .

I ক্ষা -গন্ধা পা -১ | পক্ষা পা ধপা ধা I সগা -১ ধা পা | ক্ষপা -ক্ষধপা মা -গা I  
ধা . . . ব . না জা নি. কো থা. য়্ দে খা পা . . . . ব .

I সা -মা গা গন্ধা | ক্ষা পক্ষা পা পা I পক্ষা পা পধা পা | সা -নসা স্মা -গা I  
কা য়্ স্ত্র ধা. স্ব র. মা য়ে জ. গ তে র গী . . ত .

I রগা -সা স্মা -গা | গা মা পা ধা I বধা -পধা পা -ধপা | -মা -পা মা গমা I  
বা . জে . প্র ভা ত জা গি. . . ছে . . . . কা র .

I রগা রগমা মা -১ | স্মা মা মা মা I গা গা রসা সা | সা নসা -রা রা I  
ন. য়. নে . কা হা র প্রা ণে র প্রে. ম অ ন. ন্ ত

I স্না সা রা গা | মা পা মগা মা I পা ধপা -ধা সগধা | পা ধপক্ষা পা -১ II II  
তা হা রে খুঁ জি ব দি. ক দি গ. ন্ ত. "জী ব. . . নে ."

কাছে আছে দেখিতে না পাও

II সা সা -১ | রা রা -জ্ঞা I রা রা -গা | মা মা -১ I  
কা ছে . আ ছে . দে খি . তে না .

I পা -১ -১ | -১ গা মা I পা ধা -গা | ধা ধর্মা -গা I  
পা . . ও তু মি কা হা . র স ন্

I ধা পা -১ | মা -গা পা I মা -১ -১ | -গমা -পমা -জ্ঞরা II  
ধা নে . দু . রে ষা . . . . . ও

-১ -১ II পা পা -১ | পা পা -ধা I না সা -১ | ধর্মা সা -১ I  
. . ম নে ব্ ম তো . কা রে . ধুঁ জে .

I ধর্না -ধনা -১ | সা -১ -১ I -১ -১ -১ | -১ সা সা I  
ম . . র . . . . . সে কি

I না সা -র্মা | র্মা র্মা -জ্ঞা I র্মা -সা -১ | -১ না না I  
আ ছে , . তু ব . নে . . . . . সে যে

I না সা -১ | নর্মা -র্মা সা I ধর্না -ধা -পা | -১ পা ধা I  
র রে . ছে . ম নে . . . . . ও গো

I { না সা -১ | সা সা -র্মা I না -সা না | ধা পা (-ধা) } I -১ I  
ম নে ব্ ম তো . সে ই তো হ বে . .

I -১ -১ -১ | -১ পা ধা I না সা -১ | ধর্না না -ধা I  
. . . . . তু মি ও ভ . ক গে .

I পা পধা -পা | মা -গা পা I মা -১ -১ | -১ -জ্ঞা -রা II  
ধা হা ব্ পা . নে চা . . . . . ও

[ধর্মা গা -ধা পা -ধপা]  
 পা পা II {পা পা -১ | পা -১ ধা I না -ধনা -১ | সী -১ -১ I  
 তো মাঝ আ প . না বৃ যে জ . . ন . .

I ধর্মা না -সী | রী ঋজী -রী I সী -রী সী | -১ (গা ধা) } I গা ধা I  
 দে ধি . লে না . তা . রে . তো মাঝ তু মি

I ধর্মা গা -ধা | পা -ধপা ধা I না -১ সী | -১ {পা ধা I  
 ধা বে . কা . . র ছা . রে . ধা রে

I না সী -১ | সী সী -রী I ধর্মা ধর্মা -ধা | পা } পা ধা I  
 চা বে . তা রে . পা বে . না যে মন্

I গা সী -১ | গা গা -ধা I পা মগা -পা | মা -১ -জ্ঞরা II II  
 তো মা বৃ আ ছে . ধা বে . . তা . . ও

### আমার পরান যাহা চায়

II {মা পা মা জ্ঞা | রা সা সরা দ্ধনা | সা -১ -১ -১ | -১ -১ (সা সপা I  
 আ মা র প রা ন ধা . হা চা . . . . বৃ তু মি .

I মপা -১ -১ -১ | -১ -১ পধা ধপধা | পমা -পা -ধপা -মপা | মা -জ্ঞা -রসা -রা ) } I -১ -১ I  
 তা . . . . ই তু . মি . তা . . . . ই গো . . . .

I মা পা পা পা | পা -১ ধা পধা | পমা -১ পা -১ | -১ -১ মা -পা I  
 তো মা ছা ডা আ বৃ এ জ . গ . তে . . . . মো বৃ

I মা পর্মা ধর্মা -১ | -১ -১ পধা পধা | পমা -পা -ধপা -মপা | মা -জ্ঞা -রসা -রা II  
 কে হ . না . . ই কি . ছু . না . . . . ই গো . . . .

পা পধা II { মা পা পা -না | না -১ নধা না | সী -নসী -র'সী -না | -সী -১ সী -১ I  
তু মি. হু খ ব . দি . না. হি পা . . . . . ও বা ও

I স্না সী নর'রী | র' -জ' র' -স'র' | নসী -১ -গা -১ | -ধা -গা (পা পধা) } I ধা পধা I  
হু খে র . সন্ ধা . নে . . . . . ও তু মি. আ মি.

I মা পা পা পা | পা -১ পাঃ -ধঃ | মা পা পা -না | না -নসী সী -১ I  
তো মা রে পে রে . ছি . হু দ য . মা . . . . .

I নসী -নর' সগা ধা | ধসী -নসগা ধা পধা | মা -পা -পধপা -মপা | মা -জা -রসা -রা II  
আ . . . . . র . কি ছু . . . . . না হি . চা . . . . . ই গো . . . . .

সা সা II সধা ধা ধা ধা | ধা -নধা পা -ধপা | মা পা পা পা | পা -১ পা -১ I  
আ মি তো মা র বি র . . . . . হে . . . . . র হি ব বি লী . ন .

I মা পা পধা ধা | ধা -নধা পা -ধপা | মপা -১ -মা -১ | -জা -১ -১ -১ I  
তো মা তে ক রি . . . . . ব . . . . . বা . . . . . . . . . .

I জা -রজমা মা রা | সরা -১ সা -১ | সরা -১ সা সরা | স্না -১ সা -১ I  
দী . বৃ ঘ দি ব . স . দী বৃ ঘ র . জ . নী .

I রা -মা মা মা | পা -১ পধা -পমা | পা -১ -১ -১ | -১ -১ পা পধা I  
দী বৃ ঘ ব র . ব . মা . . . . . সৃ বৃ দি .

I মা -পা পনা না | না -সনা ধা না | নসী -১ -স'র'সী -না | সী -১ সী সী I  
আ . . . . . র . কা রে . . . . . ভা লো বা . . . . . স . ব দি

I নসী -নর' র' র' | র' -জ' র' স'র' | নসী -১ -গা -১ | ধা -নধা পা পধা I  
আ . . . . . র ফি রে . . . . . না হি . আ . . . . . স . . . . . ত বে .

I মা পা পা -১ | পা -১ পা -ধপা | মা -পা পা -না | না -নর্সী সী -১ I  
 তু মি ষা • হা • চা • ও তা ই ষে • ন • • পা ও

I নর্সী -নর্সী সর্গা ধা | ধর্সগা -১ ধা পধা | মা -পা -পধপা -মপা | মা -জ্ঞা -রসা -রা II II  
 আ • • • মি • ষ ত • • • হু ষ • পা • • • • ই গো • • • •

সখী, সে গেল কোথায়

গা | গা গা -১ II গা -১ -মা | পা পা -সী I সর্না -১ -১ | নর্সী সী -১ I  
 স খী সে • গে • • ল কো • থা • য়্ তা রে •

I পা পা -ধা | গা গা -ধা I পধা -১ গা | গা গা -ধা I  
 ডে কে • নি য়ে • আ • য়্ দা ডা ব •

I পা পা -ধা | পা মা -পমা I -গা -১ -১ | -১ -১ -রসা I  
 বি রে • তা রে • • • • • • • •

I সা -১ -গা | মা পা -ধপা I মা -পা মা | গা গা -১ II  
 ত • • কু ত • • লা য়্ “স খী সে •”

-১ -১ | -১ -১ -১ II { মা পা -সী | না -১ না I সী নর্সী -র্সী | সর্না সী -১ I  
 • • • • য়্ আ জি • এ • ম ধু য় • • সী • ঝে •

I সী -গা গা | গা -১ সর্গা I ধা -১ ধা | ধা ধা -১ } I  
 কা • ন নে • ফু • লে • র মা ঝে •

I খা না -খা | পা পা -৷ I পখা পা -খপা | মা গা -৷ I  
 হে সে . হে সে . বে ডা . . বে সে .

I গা -৷ -মা | পা -সাঁ সা I না -৷ -৷ | -৷ -খা -না I  
 দে . . খি . ব তা . . . . র্

I সা সা -৷ | সা সা -না I সা নসাঁ -গাঁ | রাঁ সা -৷ I  
 হে সে . হে সে . বে ডা . . বে সে .

I না -খা -না | সা -নরাঁ সনা I খনা -৷ -খা | -পা -খগা -সাঁ I  
 দে . . খি . . ব . তা . . . . র্

I সা সা -গা | খা না -খা I পখা পা -খপা | মা গা -৷ I  
 হে সে . হে সে . বে . ডা . . বে সে .

I গা -৷ -মা | পা -সাঁ সা I গা -৷ গা | গা গা -৷ II  
 দে . . খি . ব তা র্ "স খী সে ."

-৷ { সা | পা পা -৷ II পা পা -খা | গা গা -খা I পখা -গা গা | খা পা -খপা I  
 র্ আ কা শে . তা রা . ফু টে . ছে . . দ খি নে . .

I মা মা -৷ | মা গমা -পা I মা -৷ } { মা | মা মা -পমা I  
 বা তা স্ হু টে . . ছে . পা খি টি . .

I গা গা -৷ | রা সা -না I সা সা -গা | গরা -গা গা I  
 য় য . ষো য়ে . গে য়ে . উ . . ঠে

I মা -৷ } -৷ | -৷ -৷ -৷ I { মা -পা -সাঁ | না -৷ না I  
 ছে . . . . . আ . র্ লো . আ

I সী -না রী | সনা সী -৷ I -৷ -৷ ধসী | গা ধপা ধা I  
ন ন্ দ ম• রী • • • ম• ধু র• ব

I ধগা -সী গা | ধা পা -ধপা } I { -মপা -গা মা | মধা -৷ ধা I  
স• ন্ ত ল য়ে •• •• • লা ব ণ্ ণ

I সী গসী -গা | ধা পা -ধপা } I সা -৷ -গা | মা পা -ধপা I  
ফু টা• • বি লো •• ত • • ক ল ••

I মা -পা মা | গা গা -৷ II II  
তা য়্ "স খা সে •"

দে লো সখী, দে পরাইয়ে গলে

II { রমা রা মা পা | গসী -৷ -৷ -৷ I সর্সী সগা ধা পা | পধা পমা ধপা মগা I  
দে লো স খী দে • • • পরা ইয়ে গ লে সাধে রব কুল ফুল

I রা -৷ -৷ -৷ | -৷ -৷ -৷ ( -মা ) } I -৷ I রাঃ মঃ রা সা | রা -৷ সনা সা I  
হা • • • • • বৃ বৃ আ ধ ফু ট জুঁ ই ঙ • লি

I রা মা মা মা | পা পা পা পধা I মা পা না সী | সর্সী সগা ধা পা I  
য ত নে আ নি য়ে তু লি • গাঁ থি গাঁ থি সাজা য়েদে মো রে

I পধা পমা ধপা মগা | রা -৷ -৷ -৷ I রগা গা গা গা | গসী সসী সী সসী I  
কব রীভ রিয়ে ফুল ভা • • বৃ তু• লে দে লো চন্ চল কুন্ তল

I সর্সী সগা রসী গধা | পা -৷ -রা -গমা II  
কপো লেপ ডিছে বায়ে বা • • বৃ

[সরী সী রসী] [রী]  
 II {মা পা না না | সী নরী সনা সী I সী নরী সী না | সী নসরী রী রজী} I  
 আ জি এ ত শো ভা. কে. ন আ নন্ দে বি ব শা.. যে ন.

I সী না সী সী | সরী সনা ধা গধা I পা ধপা মা ধা | ধা গধা ধা ধপা I  
 বিম্ব বা ধ রে হাসি নাহি ধ রে. লা বণ্ ন ঝ রি রা. প ড়ে.

I মা মধা পা মগা | রমা মা মা মগা I রগা গা গা: -র: | সরা রা রা -৷ I  
 ধ রা. ত লে. স. ধী তো রা. দে. থে যা . দে. থে যা .

I রমা রা মা পা | রসী -৷ -৷ -৷ I সরী সনা ধা পা | পধা পমা ধপা মগা I  
 ত. ক ন ত ছ . . . এত রূপ রা শি বহি তেপা রেনা বুঝি

I রা -৷ -৷ -৷ | -৷ -৷ -৷ -গমা II II  
 আ . . . . .

সখী, বহে গেল বেলা, শুধু হাসিখেলা

[গমপা মগা] ॥  
 সসা II {সগা -৷ রা | গা গা গা I (গা গমপা মা | গা গা গমগা I  
 সখী বহে . গে ল বে লা শু ধু.. হা সি খে লা..

I রা রা রা | -৷ রা রা I রা -রগা -রগমা | মগা রা গরা )} I  
 এ কি আ ব্ ভা লো লা . . . . . গে. স ধী.

I গা গপা পা | পা পা পক্ষা I গা গপা পা | ধা পধনা নধা I  
 আ কু. ল তি রা ব. প্রে মে. র পি রা.. স.

I পা ধা ধগা | ধা পক্ষা পমা I গমা -রা -গমপা | মগা রা গরা II  
 প্রা নে কে ন না. হি. জা. . . . . গে. "স ধী."



II { গপা পগা পা | -কপধা ধপা ধা I ধা ধর্মা নর্সর্মা | রর্মা র্মা -১ I  
ক বে. আ . . র্ হ. বে ধা কি তে. . জী. ব ন্

I গর্মা র্মা র্মনা | ধা ধনা ধপা I ধা ধনর্মা র্মনা | ধনা ধপা -কপা } I  
আ ধি তে. আ ধি. তে ম দি. . র. মি. ল . ন্

I গপা পা পা | পা পা পক্ষা I গপা পা পা | ধা পধনা নধা I  
ম. ধু র হ তা শে. ম. ধু র দ হ. . ন.

I পা ধা ধপা | ধা পক্ষা পমা I গমা -রা -গমপা | মগা রা গরা II  
নি ত ন ব অ. . হু. রা. . . . . গে. "স ধী."

II { সা রা রা | রা গা গমা I রা গা গমপা | মা গা -১ I  
ত র ল কো ম ল. . ন র নে. . . . . র জ ল্

I ( গপা পা পা | ধা পধনা নধা I পা -১ -ধপা | মগা রা রা I  
ন. য নে উ ঠি. . বে. ভা . . . . . সি. স ধী

I গপা পা পা | পা পা পক্ষা I গা পা পা | ধা পধনা নধা I  
সে. বি ষা দ নী রে. . নি বে ষা বে ধী. . . . . রে.

I পা ধা ধপা | পক্ষা কপধা পমা I গমা -রা -গমপা | মগা রা গরা ) } I  
প্র থ র. . চ. প. . . . . ল. . . . . হা. . . . . সি. স ধী.

I { পা গা গপা | পা পা -ধা I ধা ধর্মা নর্সর্মা | রর্মা র্মা র্মা I  
উ দা স. . নিশ্ শা স্ আ কু জি. . . . . উ. . . . . ঠি বে

I গর্মা র্মা না | ধা ধনা -পা I ধা ধর্মা র্মনা | ধনা ধপা পক্ষা I  
আ শা নি রা শা. . য্ প রা. . ন. . . . . টু. . . . . টি. . . . . বে.

I গপা পা পা | পা পা পধা I ক্ষা পা পা | ধা পধনা নধা I  
ম. র মে র আ লো. ক পো লে ফু টি. . বে.

I পা ধা গধা | পক্ষা পক্ষধা পমা I গমগা -রা -গমপা | মগা রা গরা II II  
শ র ম. অ. ক. . . . . রা. . . . . গে. "দ খী."

ওলো, রেখে দে সখী, রেখে দে

পা ধা II না সী সী | -১ সী রী | গসী সনা ধা | -১ -গা -মা I  
ও লো রে খে দে . স খী রে. খে দে . . .

I পা সী সনা | ধা পা ধপা | মা -পমা গা | -১ -১ -রা I  
মি ছে ক থা ভা লো. বা . . সা . . .

I সা মা মা | মা গা মা | পা ধা গা | সী না সী I  
স্ব খে র বে দ না সো হা গ যা ত না

I রা রী জরী | রী সী সরী | গা -সী সনা | -ধা পা ধা II  
বু ঝি তে পা রি না. ভা . যা . "ও লো"

-১ -১ II { মা মা গা | ধা ধা -না | না সী রসী | না সী -১ I  
. . ফু লে র বা ধ ন্ সা খে র. কা দ ন্

I না না রী | রী সী সরী | গা সী সনা | ধা পা -ধপা } I  
প রা ন সী পি তে. প্রা পে র সা ধ . ন্

I গা মা গা | মা গা মা | পা ধা গা | সা না -সা I  
 ল হো ল হো ব' লে প রে আ রা ধ ন্

I রী রী জী | রী সা সঁরী | গা -সা সঁগা | -ধা পা ধা II  
 প রে র চ র থে • আ • শা • "ও মো"

-১ -১ II সা মা মা | মা মা মা | মা পা পা | পা পা পা I  
 • • তি লে ক দ র শ প র শ মা গি র

I পা ধা ধা | ধা ধা না | না সা সা | সা সা সা I  
 ব র ব ব র ব কা ত রে জা গি রা

I না না রী | সা সা সঁরী | গা সা গা | ধা পা পা I  
 প রে র য় থে র • হা সি র জা গি রা

I মা -গা মা | পা পা ধা | না -১ সা | -১ -১ -১ I  
 অ শ্ শ্ শ্ সা গ রে ভা • সা • • •

I না সা মা | মা গা মঁগা | রী জী রী | সা না সা I  
 জী ব নে র হু থ • খু জি বা রে গি রা

I না সা রী | রী সা সঁরী | গা -সা সঁগা | -ধা পা ধা II II  
 জী ব নে র হু থ • না • শা • "ও মো"

প্রেমের ফাঁদ পাতা ভুবনে

II রা রা রা | রা -১ | রা রা I রা -মা মা | মা -গা | -রগা -সা I  
 প্রে মে র ফাঁ দ পাতা ভু • ব নে • • •

I রা মা মগা | রা -গা | রা রা I রা -পা মা | মা -গা | -রগা -সা I  
 প্রে মে র• ফাঁ দ পাতা ভু • ব নে • • •

I রা গা মা | পা পা | ক্ষা পা I সা -১ না | সা -১ | -১ -১ I  
 কে কো থা ধ রা প ড়ে কে • জা নে • • •

I রা গা মা | পা গা | মপা -মা I গা রা -গরা | সা না | সা -১ I  
 গ র ব স ব হা • য়্ ক থ • ন্ টু টে ষা য়্

I প্া প্া প্া | ধ্া ধ্া | ধ্া -১ I প্ধ্া -না না | সা -১ | -১ -১ I  
 স লি ল ব হে ষা য়্ ন • • য় নে • • •

I সা গা মা | পা পা | ক্ষা পা I মা পা মা | গা রা | দনা সা I  
 এ স্ থ ধ র গী তে কে ব লি চা হ নি তে

I পা পা পা | ধা ধা | ধা ধা I পধা -না না | সা -১ | -১ -১ I  
 জা ন না হ বে দি তে আ • • প না • • •

I সা সা সা | সরা রা | রা রা I রা সরা -গা | গা গা | গা গা I  
 স্ থে র ছা রা ফে লি ক থ • ন্ যা বে চ লি

I গা ধা ধা | পা -১ | ক্ষা পা I পা -ক্ষা ধা | পা -১ | -না -সা I  
 ব রি বে সা ধ্ ক রি বে • দ না • • •

I রা গা -মা | পা মা | গা গমা I গা রা গরা | সা -১ | না সা I  
ক খ ন বা জে ঝা নি গ ব ব • বা ব্ ভা মি

I প্ প্ প্ | ধ্ ধ্ | ধ্ ধ্ I প্ধ্ -না না | সা -১ | -১ -১ II II  
প রা ন প ড়ে আ মি ঝা • • ধ নে • • •

যেয়ো না, যেয়ো না ফিরে

[ ধর্মা গা ]

II সধা ধগা | গধা -পধা পা I গরা -গা | মা -গমপা মগা I গরা -১ | -১ -১ -১ I  
যে রো • না • • • যে রো • না • • • ফি • রে • • •

I রা -গা | রগা -মা মগা I রা -গরা | সা -রা সনা I সা -১ | -১ -১ -১ I  
দা • ডা • ও বা • রে • • ক • দা ডা • • • ও

I রা রা | রমা -১ মা I পা -১ | পা -১ -ধগা I [ ] I  
হ হ য • আ স • নে • • •

II রা -মা | মা মা মা I পা -১ | পা পা পা I মা পা | ধা ধর্মা সা I  
